# মডেল প্রশ্ন—১

## বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট [দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।] পূর্ণমান-১০০

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৪০ = ৪০

১. সবুজ ফসলের মাঠ, সোনালী ধান, গাছগাছালি, বয়ে যাওয়া নদী, নীল আকাশ, ঝড়বৃষ্টি এসবই আল্লাহর সৃষ্টি। এসব নিদর্শনের মাধ্যমে কী প্রকাশ পায়?
ক. আল্লাহর দয়া খ. আল্লাহ পালনকারী
গ. আল্লাহ যাবতীয় গুণের দীপ্তি ঘ. আল্লাহ সৃষ্টিকর্তা

২. পানি যাতে বিশুদ্ধ থাকে সেজন্য আমাদের যত্ন নিতে হবে। কারণ পানির যত্ন না নিলে—
ক. সারাদেশে বন্যা হবে
খ. পানি এক সময় শেষ হয়ে যাবে
গ. আমরা রোগব্যাধিতে অসুস্থ হয়ে পড়ব
ঘ. প্রাকৃতিক দুর্যোগ বাড়বে

৩. মৃত্যুর পর কয়েকটি ধাপ পার হতে হবে। আখিরাত বা পরকালীন জীবনের প্রথম ধাপ হলো—
ক. কবর খ. কিয়ামত গ. মিযান ঘ. জান্নাত ও জাহান্নাম

৪. প্রত্যেক জাতির জন্য পথ প্রদর্শক এসেছেন। কথায়, কাজে এবং আচার ব্যবহারে তারা ছিলেন আদর্শ ও চরিত্রবান। মহান আল্লাহর প্রেরিত সর্বশেষ পথ প্রদর্শক কে?
ক. হযরত আদম (আ) খ. হযরত ইবরাহীম (আ)
গ. হযরত নূহ (আ) ঘ. হযরত মুহাম্মদ (স)

৫. তোমার বন্ধু স্কুলে যাওয়ার সময় একজনের গাছ থেকে ফল চুরি করল। সে কার প্ররোচনায় এ কাজটি করল?
ক. জিনের খ. ফেরেশতার
গ. পরীর ঘ. শয়তানের

৬. কবরে জাহান্নামীদের কঠিন শাস্তি দেওয়া হবে। কীভাবে চললে আমরা কবরের শাস্তি থেকে রক্ষা পাব?
ক. শয়তানের দেখানো পথে চললে খ. আল্লাহর নির্দেশিত পথে চললে
গ. প্রতিবেশীর দেখানো পথে চললে ঘ. মানুষের দেখানো পথে চললে

৭. তোমার খেলনা গাড়িটি তোমার বন্ধু ভেঙ্গে ফেলেছে। এখন তুমি কী করবে?
ক. মারধর করবে খ. বাবার কাছে নালিশ করবে
গ. ক্ষমা করে দিবে ঘ. চিৎকার করবে

৮. তোমার বাসায় নলকূপে পানি নেই। নামাযের সময় চলে যাচ্ছে, তুমি ওযু করতে পারছ না। কিন্তু তোমার কাছে পবিত্র মাটি আছে। এ অবস্থায় তুমি পবিত্র মাটি দ্বারা পবিত্রতা অর্জন করতে পার। এভাবে পবিত্রতা অর্জনকে কি বলে?
ক. ওযু খ. গোসল গ. তায়াম্মুম ঘ. তাহারাত

৯. তুমি স্কুল থেকে বাসায় এসে দেখলে তোমার মা অসুস্থ। এমন অবস্থায় তোমার কী করা উচিত?
ক. তোমার খিদে পেয়েছে তাই বলবে খ. সেবা করবে
গ. কটু কথা বলবে ঘ. গালমন্দ করবে

১০. তোমার বাবা রমজান মাসে এশার সালাতের সাথে বিশ রাকআত সালাত আদায় করেন। উক্ত সালাতের নাম কি?
ক. কসর সালাত খ. বিতর সালাত
গ. তারাবির সালাত ঘ. জুমুআর সালাত

১১. তোমার ভাইয়ের জন্মের ৭দিন পর তার কল্যাণ কামনায় হালাল পশু জবাই করা হলো। এ পশু জবাইকে বলা হয়—
ক. কুরবানি খ. ঈদ গ. যাকাত ঘ. আকিকা

১২. আবির সব সময় পরিষ্কার পরিচ্ছন্ন থাকে। খাবার আগে ভালো করে হাত ধুয়ে নেয়। এতে তার কোন অসুখটি হবে না?
ক. কানের অসুখ খ. গলার অসুখ
গ. পেটের অসুখ ঘ. পায়ের অসুখ

১৩. মানুষের আত্মসংযম, ত্যাগ, ধৈর্য, সহানুভূতি ও আত্মশুদ্ধির উৎকৃষ্ট উপায় হলো—
ক. সাওম পালন করা খ. সালাত আদায় করা
গ. যাকাত প্রদান করা ঘ. হজ্ব পালন করা

১৪. তোমার বন্ধু তার বাড়ির আঙিনার খালি জায়গায় বৃক্ষ রোপন করেছে। তার এ কাজটি কিসের পরিচয় বহন করে?
ক. সত্যবাদিতা খ. সততা গ. দেশপ্রেমের ঘ. কৃষকের

১৫. রাহাত ও তার বন্ধুরা মিলে গ্রামের ভাঙা সাঁকো মেরামত করছে। এটি কোন ধরনের কাজ?
ক. খারাপ কাজ খ. মন্দ কাজ গ. অনৈতিক কাজ ঘ. ভালো কাজ

১৬. শহরের একজন ধনী ব্যক্তি অনেক ধন সম্পদ থাকা সত্ত্বেও যাকাত দেন না। পরকালে তার জন্য কী রয়েছে?
ক. শান্তি খ. বিশ্রাম গ. ধনসম্পদ ঘ. কঠিন আযাব

১৭. তোমার দাদা পবিত্র হজ পালনের উদ্দেশ্যে সৌদি আরবে গেছেন। সেখানে তিনি হজের কোন কাজটি আগে করবেন?
ক. মুজদালিফায় রাত্রি যাপন খ. ইহরাম বাধা
গ. তাওয়াফে যিয়ারত ঘ. কুরবানি করা

১৮. লন্ডনের পূর্বে কাবা শরীফ অবস্থিত। একজন মুসলমান লন্ডন থেকে কোনমুখী হয়ে নামাজ পড়বে?
ক. পশ্চিম খ. দক্ষিণ গ. উত্তর ঘ. পূর্ব

১৯. একজন শ্রমিক সারাদিন তোমার কাজ করল। তুমি কখন তাকে তার পারিশ্রমিক দেবে?
ক. সকালে খ. রাতে গ. কাজের শেষে ঘ. ঘাম বের হলে

২০. রফিকের ধর্মীয় শিক্ষক তাকে বললেন, তুমি কণ্ঠনালির মাঝখানের হরফগুলো পাঠ কর। রফিক নিচের কোনগুলো পাঠ করবে?
ক. ه — ء খ. خ — غ গ. ح — ع ঘ. ق

২১. সায়মা আল কুরআন শরীফ শুদ্ধভাবে তিলাওয়াত করতে চায়। এজন্য তাকে কোনটি জানতে হবে?
ক. তাওহিদ খ. তাজবিদ গ. আখলাক ঘ. ওয়াকফ

২২. কুরআন মজিদ সর্বশেষ আসমানি কিতাব। কারণ—
ক. এটি আল্লাহ নাজিল করেছেন খ. কুরআনের ভাষা আরবি
গ. শেষ নবির ওপর নাযিল হয়েছে ঘ. এটি মুসলমানদের কিতাব

২৩. মশা তোমাকে কষ্ট দিচ্ছে, তবুও তুমি মশা মারতে পারবে না। কারণ তুমি—
ক. নামাজ পড়ছো খ. রোযা রেখেছো
গ. শিক্ষক নিষেধ করেছে ঘ. হজ্ব করতে গিয়েছ

২৪. যত খারাপ অভ্যাস আছে তা ত্যাগ করা উচিত। রাসুল (স) সবার আগে কোনটি ত্যাগ করতে বলেছেন?
ক. চুরি করা খ. গিবত করা
গ. প্রতারণা করা ঘ. মিথ্যা কথা বলা

২৫. 'মায়ের দোয়ায় তিনি আল্লাহর বিশ্ববিখ্যাত ওলি হয়েছিলেন'— এখানে যার সম্পর্কে বলা হয়েছে—
ক. মঈনুদ্দিন চিশতি (রহ) খ. ইমাম গাযযালি (রহ)
গ. আবদুল কাদির জিলানী (রহ) ঘ. হযরত বায়েজিদ বোস্তামী (রহ)

২৬. মহানবি (স) নিজের জন্মভূমি মক্কা ছেড়ে মদিনায় হিজরত করেছিলেন। কারণ—
ক. এটি ছিল আল্লাহর নির্দেশ খ. মক্কা থাকতে ইচ্ছে করেনি
গ. মদিনায় থাকতে ইচ্ছা হয়েছিল ঘ. সাহাবারা যেতে বাধ্য করেছিল

২৭. তিনি শৈশবে মেষ চরাতেন। তিনি বাদশাহ তালুতের সেনাপতি ছিলেন। এখানে কার কথা বলা হয়েছে?
ক. হযরত ঈসা (আ:) খ. হযরত ইবরাহীম (আ:)
গ. হযরত সুলাইমান (আ:) ঘ. হযরত দাউদ (আ:)

teachingbd.com

২৮. কাফেররা মুসলমানদের একটি শক্তিধর স্বতন্ত্র জাতি হিসেবে মেনে নেয়। এটি যে ঘটনার পরিপ্রেক্ষিতে সম্ভব হয়—

ক. হুদাইবিয়ার সন্ধি　　খ. মদিনা সনদ
গ. মক্কা বিজয়　　ঘ. বদর যুদ্ধ

২৯. ফাহিম কুরআন শরীফ তিলাওয়াত করছে। কুরআন পড়ার সময় সে 'O' চিহ্নটি দেখল। এখন তার করণীয় হবে—

ক. পড়া বন্ধ করা　　খ. মিলিয়ে পড়া
গ. অবশ্যই থামা　　ঘ. না থামা

৩০. নবুয়্যতের দশম বছরে মহানবি (স) শোকে মুহ্যমান হয়ে পড়েছিলেন। কারণ—

ক. ব্যবসায় লোকসান হয়েছিল
খ. এ সময় মাতা আমিনা মারা যান
গ. কাফিরদের অত্যাচার
ঘ. হযরত খাদিজা (রা:) ও চাচা আবু তালিবের ইন্তেকাল

৩১. খালিক শব্দের অর্থ কী?

ক. পালনকর্তা　　খ. সৃষ্টিকর্তা
গ. রিজিকদাতা　　ঘ. দয়ালু

৩২. সামিউন শব্দের অর্থ কী?

ক. সব শোনেন　　খ. সব জানেন
গ. সব দেখেন　　ঘ. অতিসহনশীল

৩৩. ইবাদত শব্দের অর্থ কী?

ক. প্রার্থনা　খ. আনুগত্য　গ. দান করা　ঘ. সিয়াম সাধনা

৩৪. সালাতের আরকান কয়টি?

ক. পাঁচটি　খ. সাতটি　গ. তেরটি　ঘ. পনেরটি

৩৫. মহানবি (স) কোথায় হিজরত করেছিলেন?

ক. কুফায়　খ. তায়েফে　গ. মদিনায়　ঘ. মিশরে

৩৬. মানুষের অধিকারকে কী বলা হয়?

ক. মানবতা　　খ. মানবাধিকার
গ. মানবধর্ম　　ঘ. মানবজাতি

৩৭. জিহ্বার অগ্রভাগ তালুর সাথে লাগিয়ে উচ্চারিত হয়—

ক. ل　খ. ڶ　গ. ت　ঘ. ض

৩৮. আরবি হরফ উচ্চারণের স্থানকে কী বলে?

ক. হরকত　খ. তাজবিদ　গ. মাখরাজ　ঘ. জযম

৩৯. হযরত মুহাম্মদ (স) এর প্রথম দুধমাতা কে ছিলেন?

ক. সোয়েবা　খ. হালিমা　গ. আম্বিয়া　ঘ. সালেহা

৪০. হযরত আদম (আ) কিসের তৈরি?

ক. আগুন　খ. পাথর　গ. মাটি　ঘ. পানি

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১ × ১০ = ১০

ক. ইমানের ——— হলো মানুষকে আল্লাহর অনুগত বান্দা হিসেবে গড়ে তোলা।
খ. আল্লাহ তায়ালার আনুগত্যের নামই হচ্ছে ——— ।
গ. ক্ষমা করা মানুষের ——— দায়িত্ব।
ঘ. সালাতের ভেতরের ফরজগুলোকে ——— বলে।
ঙ. সালাত দীন ইসলামের ——— ।
চ. চেষ্টা ও শ্রম ——— চাবিকাঠি।
ছ. কুরাইশদের আসক্তি ছিল শীত ও গ্রীষ্মে ——— ।
জ. আল্লাহর কোনো ——— নেই।
ঝ. হযরত ইবরাহীম (আ)-এর আমলে সেখানকার বাদশাহ ছিলেন ——— ।
ঞ. সততা মানুষকে ——— দেয়।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১০ = ১০

ক. ইমান শব্দের অর্থ কী?
খ. আখিরাত মানে কী?
গ. ইসলামের রুকন কয়টি ও কী কী?
ঘ. সাওম কাকে বলে?
ঙ. আমরা পিতামাতার সাথে কীরূপ ব্যবহার করব?
চ. মহানবি (স) শ্রমিকদের পারিশ্রমিক সম্পর্কে কী বলেছেন?
ছ. মাখরাজ কাকে বলে?
জ. পাদ্রি বহীরা হযরত মুহাম্মদ (স) সম্বন্ধে কী মন্তব্য করেছিলেন?
ঝ. বিদায় হজ কাকে বলে?
ঞ. হযরত ঈসা (আ) বর্তমানে কোথায় জীবিত আছেন?

৪। ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যেকোনো আটটি প্রশ্নের উত্তর লেখ : ৫×৮=৪০

ক. 'আল্লাহ পানি চক্রের মাধ্যমে আমাদের বিশুদ্ধ পানির যোগান দিচ্ছে'— এ সম্পর্কে ৫টি বাক্য লেখ।
খ. কী কী উপায়ে দেশের প্রতি ভালোবাসা প্রকাশ করা যায়? ৫টি বাক্যে লেখ।
গ. কুরআন মজিদ বুঝে তিলাওয়াত করলে কী কী বিষয় জানতে পারবে তা ৫টি বাক্যে লেখ।
ঘ. আখিরাত জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী? এ সম্পর্কে ৫টি বাক্য লেখ।
ঙ. নবি-রাসুলগণের শিক্ষার মূল কথাগুলো সংক্ষেপে আলোচনা কর।
চ. 'ইবাদত শুধু সালাত, সাওম ইত্যাদির মধ্যেই সীমাবদ্ধ নয়'— কথাটি বুঝিয়ে লেখ।
ছ. যাকাতের মাসারিফ কয়টি ও কী কী বর্ণনা কর।
জ. কণ্ঠনালি থেকে কোন কোন বর্ণ উচ্চারিত হয় তা লেখ।
ঝ. হযরত মুহাম্মদ (স)-এর জন্মের সময় আরবের অবস্থা কেমন ছিল?
ঞ. মক্কা বিজয় ও রাসুল (স)-এর অপূর্ব ক্ষমার দৃষ্টান্ত বর্ণনা কর।

## উত্তরমালা

১। ১. ঘ. আল্লাহ সৃষ্টিকর্তা ২. গ. আমরা রোগব্যাধিতে অসুস্থ হয়ে পড়ব ৩. ক. কবর ৪. ঘ. হযরত মুহাম্মদ (স) ৫. ঘ. শয়তানের ৬. খ. আল্লাহর নির্দেশিত পথে চললে ৭. গ. ক্ষমা করে দিবে ৮. গ. তায়াম্মুম ৯. খ. সেবা করবে ১০. গ. তারাবির সালাত ১১. ঘ. আকিকা ১২. গ. পেটের অসুখ ১৩. ক. সাওম পালন করা ১৪. গ. দেশপ্রেমের ১৫. ঘ. ভালো কাজ ১৬. ঘ. কঠিন আযাব ১৭. খ. ইহরাম বাধা ১৮. ক. পশ্চিম ১৯. গ. কাজের শেষে ২০. খ. خ – غ ২১. খ. তাজবিদ ২২. ক. এটি আল্লাহ নাজিল করেছেন ২৩. ক. নামাজ পড়তেছ ২৪. ঘ. মিথ্যা কথা বলা ২৫. ঘ. হযরত বায়েজিদ বোস্তামী (রহ) ২৬. ক. এটি ছিল আল্লাহর নির্দেশ ২৭. ঘ. হযরত দাউদ (আ:) ২৮. গ. মক্কা বিজয় ২৯. গ. অবশ্যই থামা ৩০. ঘ. হযরত খাদিজা (রা:) ও চাচা আবু তালিবের ইন্তেকাল ৩১. খ. সৃষ্টিকর্তা ৩২. ক. সব শোনেন ৩৩. খ. আনুগত্য ৩৪. খ. সাতটি ৩৫. গ. মদিনায় ৩৬. খ. মানবাধিকার ৩৭. গ. ت ৩৮. গ. মাখরাজ ৩৯. ক. সোয়েবা ৪০ গ. মাটি।

২। ক. ফল খ. ইসলাম গ. নৈতিক ঘ. আরকান ঙ. খুঁটি চ. সাফল্যের ছ. সফরের জ. শরিক ঝ. নমরূদ ঞ. মুক্তি।

Teachingbd.com

http://teachingbd.com